



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩৪

০১ অক্টোবর ২০২৬

তারিখ: -----

১৬ আশ্বিন ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কিমের পরিমাণ বৃদ্ধি ও সুদহার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ: ১৮ মে ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ তারিখ: ১৩ আগস্ট ২০২৩ এবং বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১২ তারিখ: ০৯ এপ্রিল ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১২/২০২৬ এর মাধ্যমে বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে গঠিত ৬১০,০০০ (দশ হাজার) কোটির রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (Export Facilitation Pre-finance Fund-EFPF) হতে সর্বোচ্চ ৬৫,০০০ (পাঁচ হাজার) কোটি প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতের জন্য বরাদ্দপূর্বক উক্ত তহবিল হতে পুনঃঅর্থায়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। এক্ষণে, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের রপ্তানি কার্যক্রম অব্যাহত রেখে বৈদেশিক মুদ্রা অর্জন ও অর্থনীতিতে গতিশীলতা আনয়নের লক্ষ্যে EFPF হতে ৬২,০০০ (দুই হাজার) কোটি স্থানান্তরকরত প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় তহবিলের পরিমাণ ৬৭,০০০ কোটিতে উন্নীত করা হলো। পাশাপাশি, EFPF এর বর্তমান পরিমাণ ৬৩,০০০ কোটি নির্ধারণ করা হলো।
- ৪। এছাড়াও, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩/২০২৩ এর মাধ্যমে নির্ধারিত সুদহার পরিবর্তন করত প্রি-শিপমেন্ট ক্রেডিট পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় নতুন ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ সুদহার নির্ধারণ করা হলো:
(ক) গ্রাহক পর্যায়ে সুদহার হবে সর্বোচ্চ ৬%;
(খ) বাংলাদেশ ব্যাংক হতে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ (PFIs) কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর ৩% হারে সুদ প্রদান করতে হবে।
- ৫। এ তহবিল হতে অংশগ্রহণকারী ব্যাংককে (PFI)- কে প্রদত্ত অর্থ পরিশোধসূচী অনুযায়ী কোনো ব্যাংক পরিশোধে ব্যর্থ হলে যে সময়ের জন্য ব্যর্থ হবে উক্ত সময়ে ব্যাংক রেটে সুদ প্রদেয় হবে।
- ৬। এছাড়াও, প্রি-শিপমেন্ট ক্রেডিট পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় PFI কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ মেয়াদ শেষ হওয়ার পূর্বে সম্পূর্ণ পরিশোধ বা আংশিক সমন্বয় (Early Settlement/Partial Adjustment) করা যাবে।
- ৭। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২২ ও বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১২/২০২৬-এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৮। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোনঃ ৯৫৩০২৫২